

অধিকাংশ ছাত্র-ছাত্রী

এখনো হলে

ফিরে নাই

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

অধিকাংশ ছাত্র-ছাত্রী এখনও হলে ফিরিয়া আসে নাই। যাহারা ফিরিয়া আসিয়াছে তাহাদের অনেকে আবাসিক বৈধতার অভাবে হলে ঢোকায় স্বযোগ না পাইয়া বিপাকে পড়িয়াছে। গত তিনদিনে (২য় পৃ: ৫)

ছাত্র-ছাত্রী হলে ফিরে নাই

(১ম পৃ: পর)

এইরূপ কয়েকজন ছাত্রের সাক্ষাৎ ঘটয়াছে। তাহারা কেহ দিনাজপুর, রংপুর কেহবা কুষ্টিয়া-যশোর হইতে লাগেজপত্র লইয়া আসিয়াছে। সীট সমস্যার কারণে ইতিমধ্যে তাহারা বিভিন্ন হলে বন্ধু, ভাই অথবা চাচা-মামার রুমে ফ্লোরিং অথবা ডাবলিং করিয়া থাকিত। এব্যাপারে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হইলে বলা হয়, আবাসিক নয় এইরূপ অনেক ছাত্র হলে অবস্থান করিত বিষয়টি জানা সত্ত্বেও বৈধ কার্ডধারী ছাত্র কাহাকেও হলে ঢোকায় অনুমতি দেওয়া এই মুহূর্তে সম্ভব নয়। তবে বিষয়টি সুরাহার ব্যাপারে যথাশীঘ্র সম্ভব উদ্যোগ নেওয়া হইবে বলিয়া জানানো হয়। জানা যায়, হলের শান্তি-শৃঙ্খলা রক্ষার জন্য মেধা ভিত্তিতে সীট বন্টনের প্রক্রিয়াটি কঠোরভাবে পালনের উদ্যোগ নেওয়া হইয়াছে। কোন ছাত্র অন্য একজন আবাসিক ছাত্রের রুমে থাকিতে চাহিলে তাহাকেও মেধার ভিত্তিতে বিচার করা হইবে এবং এই ছাত্রটিকে ডাবলারের বৈধ কাগজপত্র সংগ্রহ করিয়া হলে থাকায় অনুমতি লইতে হইবে।

এদিকে গতকাল পূর্বঘোষিত সিদ্ধান্ত অনুযায়ী কলা, সামাজিক বিজ্ঞান ও জীব বিজ্ঞান অনুষদের স্বগিত অনার্স পরীক্ষা শুরু হইয়াছে। পরীক্ষা চলাকালে কলাভবনে পুলিশ প্রহরা ছিল। তাইস চ্যান্সেলর প্রফেসর আব্দুল মান্নান পরীক্ষার হলসমূহ পরিদর্শন করিয়াছেন।